কোটচাঁদপুরে বাসের চাকায় পিষ্ট হয়ে মোটরসাইকেল আরোহী নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুরে যাত্রীবাহী বাসের চাকায় পিষ্ট হয়ে আরিফ শেখ (৪৮) নামে এক মোটরসাইকেল আরোহীর মর্মান্তিক মৃত্যু হয়েছে।

বুধবার (৫ আগস্ট) দুপুর ২টার দিকে কোটচাঁদপুর-কালীগঞ্জ সড়কের নওদাগা বাসস্ট্যান্ড এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত আরিফ শেখ কালীগঞ্জ উপজেলার বালিয়াডাঙ্গা গ্রামের সবদুল শেখের ছেলে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, আরিফ শেখ মোটরসাইকেলযোগে কোটচাঁদপুর থেকে নিজ বাড়িতে ফিরছিলেন। পথিমধ্যে নওদাগা বাসস্ট্যান্ড এলাকায় পৌঁছালে কালীগঞ্জ থেকে ছেড়ে আসা শাপলা পরিবহনের ‘সাগরিকা’ নামের একটি যাত্রীবাহী বাস তার মোটরসাইকেলকে সজোরে ধাক্কা দেয়। এতে তিনি সড়কের ওপর ছিটকে পড়ে বাসের চাকায় পিষ্ট হন এবং ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

দুর্ঘটনার পর ঘাতক বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে থাকা একটি ভ্যানকে ধাক্কা দিয়ে দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে। এতে ভ্যানটি দুমড়ে-মুচড়ে যায়।

ভ্যানচালক গোলাপ মণ্ডল জানান, তিনি রাস্তার পাশে নিজের ভ্যানের ওপর বসে ছিলেন। হঠাৎ বিকট শব্দ শুনে কিছু বুঝে ওঠার আগেই বাসটি তার ভ্যানকে ধাক্কা দিয়ে চলে যায়। এ সময় তিনি সড়কে ছিটকে পড়ে আহত হন।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আনসারুল্লাহ ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, নিহতের পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গায় বাসের চাকায় পিষ্ট হয়ে মোটরসাইকেল আরোহী নিহত

চুয়াডাঙ্গা সদর উপজেলার জাফরপুরে বিজিবি ক্যাম্পের সামনে ভয়াবহ সড়ক দুর্ঘটনায় এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। গতকাল শনিবার সকাল ১২টার দিকে এ দুর্ঘটনাটি ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, বরিশাল থেকে ছেড়ে আসা খান পরিবহন নামে একটি যাত্রীবাহী বাস চুয়াডাঙ্গা পৌঁছালে নিয়ন্ত্রণ হারিয়ে প্রথমে চুয়াডাঙ্গা থেকে ঝিনাইদহগামী একটি মোটরসাইকেলকে ধাক্কা দেয়। পরে বাসটি রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা আরেকটি মোটরসাইকেল ও একটি ইজিবাইককে চাপা দিয়ে সরাসরি বিজিবি হাসপাতালের প্রাচীরে গিয়ে সজোরে ধাক্কা মারে।

ঘটনাস্থলেই নিহত হন মোটরসাইকেল আরোহী চুয়াডাঙ্গা পৌর এলাকার হাজরাহাটি গ্রামের হাজী পাড়ার ইউনুস আলীর ছেলে মাহফুজুর রহমান। দুর্ঘটনায় অন্তত তিনজন আহত হয়েছেন। তাদের মধ্যে গুরুতর আহত তুহিনকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বরিশাল থেকে আসা বাসটি অতিরিক্ত গতিতে চলছিল। হঠাৎ নিয়ন্ত্রণ হারিয়ে এ ভয়াবহ দুর্ঘটনা ঘটে। নিহত মাহফুজুর রহমান চুয়াডাঙ্গা কামিল মাদ্রাসার লাইব্রেরিয়ান মাসুদুর রহমানের ছোট ভাই এবং চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কলেজের রসায়ন বিভাগের ল্যাব সহকারী মুস্তাফিজুর রহমানের ছোট ভাই।

খবর পেয়ে ফায়ার সার্ভিস ও পুলিশ ঘটনাস্থলে পৌঁছে লাশ উদ্ধার করে এবং দুর্ঘটনাকবলিত বাসটি জব্দ করে। তবে বাসচালক ও তার সহকারী দুর্ঘটনার পরপরই পালিয়ে যায়।পুলিশ জানায়, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে বাসটির ব্রেকফেল হওয়ার কারণে দুর্ঘটনাটি ঘটেছে। এ ঘটনায় আইনগত প্রক্রিয়া চলছে।

দামুড়হুদায় বাসের ধাক্কায় মোটরসাইকেল আরোহী নি*হ*ত

দামুড়হুদায় বাসের ধাক্কায় মফিজ উদ্দিন (৬৪) নামের এক মোটরসাইকেল চালক নিহত হয়েছেন। তিনি একই উপজেলার চন্দ্রবাস গ্রামের তৈয়ব আলির ছেলে।

আজ শুক্রবার সকাল ১০টার দিকে দামুড়হুদা উপজেলার নাটুদহ ইউনিয়নের তালসারি মোড়ে এ দুর্ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর।

ওসি আলমগীর কবীর বলেন, সকাল ১০টার দিকে মফিজ উদ্দিন মোটরসাইকেলে নিজের বাড়ি থেকে মাঠে যাচ্ছিলেন। তিনি তালসারি মোড়ে পৌঁছালে দ্রুত গতিতে আসা একটি পিকনিকের বাস তার মোটরসাইকেলে ধাক্কা দেয়। এতে তিনি সড়কের ওপর পড়ে গুরুতর আহত হন। পরে স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় বেলা ১১টার দিকে তার মৃত্যু হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর আরও বলেন, লাশ ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে রাখা হয়েছে। তবে এ ঘটনায় এখন পর্যন্ত কোনো অভিযোগ পায়নি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে সড়ক দূর্ঘটনায় মোটরসাইকেল আরোহী নি*হত

মেহেরপুরের কাথুলি সড়কে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে রুহুল আমিন মোটরসাইকেল আরোহী (৫০) নিহত হয়েছে।

আজ মঙ্গলবার বিকেল ৪ টার সময় কাথুলি সড়কের ফতেয়পুরে ইটভাটার সামনে এ দূর্ঘটনা ঘটে। নিহত রুহুল আমিন শোলমারী গ্রামের পাঠান পাড়ার সাবেক ইউপি চেয়ারম্যান মৃত চাঁদ আলীর ছেলে।

[redacted]

[redacted]

[redacted]